অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/16/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য নিয়ে স্টেট ব্যাপী লিসেনিং ট্যুর শুরু করেছেন

তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাগুলো খুঁজে দেখতে স্টেট-মডারেটেড লিসেনিং সেশন

ভবিষ্যত নীতির পরামর্শ দেওয়ার জন্য তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা সংক্রান্ত শীর্ষক সম্মেলন সুপারিশসমূহ; যে মাসে মানসিক স্বাস্থ্য সচেতনতা মাসের সাথে মিলে যায়

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য পরিচর্যার ধারাবাহিকতা ঢেলে সাজানোর জন্য গভর্নরের 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনার উপর উদ্যোগগুলো তৈরি করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করে এমন সমস্যাগুলো খুঁজে দেখার লক্ষ্যে একটি স্টেটব্যাপী লিসেনিং সেশন এবং একটি বসন্ত সম্মেলনের ঘোষণা করেছেন। একসাথে, এই উদ্যোগগুলো নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্যের পরিচর্যার ধারাবাহিকতাকে পুনর্গঠন করার জন্য গভর্নরের 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনার উপর ভিত্তি করে তৈরি করবে এবং তরুণ-তরুণীদের সুস্থতার উন্নতির জন্য ভবিষ্যতের নীতি সুপারিশগুলোর বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ দেওয়ার সুযোগ দেবে।

"নিউ ইয়র্ক স্টেটের প্রথম মহিলা গভর্নর এবং এই পদে অধিষ্ঠিত একমাত্র মা হিসাবে সাম্প্রতিক প্রতিবেদনে কিশোর-কিশোরীদের বিষণ্নতার ঘটনাগুলোর বিষয়ে - বিশেষ করে কোভিড-19 মহামারী ফলে নিসঙ্গতা এবং অনিশ্চয়তাগুলোকে লক্ষ্য করে আমি গভীরভাবে বিচলিত," **গভর্নর হোকল বলেছেন।** "এখন সময় এসেছে আমরা আমাদের তরুণ-তরুণীদের মানসিক সুস্থতাকে সর্বাগ্রে রাখি এবং এই সমস্যাটি গভীরভাবে বোঝার জন্য এবং নিউ ইয়র্কবাসী তরুণ-তরুণীরা যে সমস্যার সম্মুখীন হয় তা অর্থপূর্ণভাবে সমাধান করার জন্য তারা কী করছে তা শোনা।"

আশা করা হচ্ছে যে স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) এবং অফিস অব চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services) কর্তৃক

সমন্বিত, এই বসন্তে স্টেটব্যাপী কথা শোনার সেশনগুলো নির্ধারিত হবে। প্রতিটি অধিবেশন এই সংস্থাগুলোর প্রতিনিধিদের দ্বারা পরিচালিত হবে এবং প্রতিটি আয়োজক কমিউনিটির স্কুল-বয়সী তরুণ-তরুণীদের একটি ক্রস সেকশনকে সম্পৃক্ত করবে।

গভর্নর হোকল মে মাসে মানসিক স্বাস্থ্য সচেতনতা মাসের সাথে মিল রেখে তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা শীর্ষক সম্মেলনেরও আয়োজন করবেন। এই সম্মেলনটি মানসিক স্বাস্থ্য, শিক্ষা, প্রযুক্তি এবং আইন প্রয়োগকারী ক্ষেত্রগুলোর বিস্তৃত বিষয় বিশেষজ্ঞদের সাথে তরুণ-তরুণী ও অভিভাবকদের একত্রিত করবে এবং আমাদের তরুণ-তরুণীদের মঙ্গলকে প্রভাবিত করে এমন চ্যালেঞ্জ এবং সুযোগগুলো নিয়ে আলোচনা করবে যার মধ্যে সামাজিক মিডিয়া তাদের জীবনে যে ভূমিকা পালন করে তা সহ আলোচনা করবে।

গভর্নর নিউ ইয়র্ক স্টেট সাইকিয়াট্রিক ইনস্টিটিউটে কিশোর-কিশোরীদের সাথে প্রথম লিসেনিং সেশন আয়োজন করে এই নতুন উদ্যোগগুলো চালু করেছেন। নিউ ইয়র্ক সিটির স্কুল থেকে অংশগ্রহণকারী কিশোর-কিশোরীদেরকে মহামারী কিভাবে তাদের মানসিক স্বাস্থ্যকে প্রভাবিত করেছে তা নিয়ে আলোচনা করতে বলা হয়েছিল; সামাজিক মিডিয়া তাদের জীবনে বিশেষ ভূমিকা পালন করেছে; স্কুল কিভাবে তাদের শিক্ষার্থীদের মধ্যে সুস্থতা প্রচার করতে পারে; স্কুলে তাদের সাহায্য করার জন্য তারা যে ধরনের মানসিক স্বাস্থ্য প্রোগ্রাম কল্পনা করতে পারে; আর মানসিক স্বাস্থ্য সমস্যাগুলোর সাথে লড়াই করা তাদের সমবয়সীদেরকে তারা যে পরামর্শ দেবে।

গত মাসে, U.S. সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল (U.S. Centers for Disease Control) তার যুব ঝুঁকি আচরণ সমীক্ষা ইস্যু করেছে, যা 2011 থেকে 2021 সালের, মধ্যে স্কুল-বয়সী তরুণ-তরুণীদের মধ্যে উদ্বেগজনক মানসিক স্বাস্থ্যের প্রবণতা খুঁজে পেয়েছে - বিশেষ করে কিশোরী মেয়েদের মধ্যে। প্রায় এক তৃতীয়াংশ কিশোরী 2021 সালে আত্মহত্যার চেষ্টাকে গুরুত্বের সাথে বিবেচনা করেছে, যা আগের দশকের 19 শতাংশ থেকে বৃদ্ধি পেয়েছে; 2021 সালে প্রতি পাঁচজনের মধ্যে তিনজন ক্রমাগত দু:খিত বা হতাশ বোধ করেছিল, যা কিশোর ছেলেদের হারের দ্বিগুণ ছিল এবং 2011 সালে রেকর্ড করা হারের তুলনায় প্রায় 60 শতাংশ বৃদ্ধি হিসেবে দেখা যায়।

প্রতিবেদনে আরো দেখা গেছে যে প্রান্তিক জনসংখ্যার তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে: LGBTQ+ শিক্ষার্থীদের অর্ধেকেরও বেশি খারাপ মানসিক স্বাস্থ্যের কথা জানিয়েছেন, গত বছরে পাঁচজনের মধ্যে একজন আত্মহত্যার চেষ্টা করেছে বলে রিপোর্ট করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, শ্বেতাঙ্গ তরুণ-তরুণীদের তুলনায় কৃষ্ণাঙ্গ তরুণ-তরুণীদের মধ্যে আত্মহত্যার প্রয়াসও বৃদ্ধি পেয়েছে।

মানসিক স্বাস্থ্য কমিশনার ডা. অ্যান সুলিভান বলেছেন, "গভর্নর হোকলের নির্বাহী বাজেট মানসিক স্বাস্থ্যসেবায় একটি ঐতিহাসিক বিনিয়োগ। এই রূপান্তরের কেন্দ্রে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জের সম্মুখীন ব্যক্তিদের কথা শোনার প্রতিশ্রুতি। কোভিড-19 মহামারী এবং অন্যান্য চাপের কারণে তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য মারাত্মকভাবে প্রভাবিত হয়েছে। কিশোর-কিশোরীরা তাদের জন্য গুরুত্বপূর্ণ যা বলছে তার উপর ভিত্তি করে নীতি তৈরি করার জন্য আমি গভর্নরের প্রতিশ্রুতির প্রসংশা করি। আমি শিহরিত যে আমরা তরুণ-তরুণীদের সাথে সরাসরি যুক্ত হব, তাদের কণ্ঠস্বরকে উন্নীত করব এবং তাদের আমাদের গাইড করতে দিব।"

শিশু ও পরিবার পরিষেবা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভ বলেছেন, "আমাদের তরুণ-তরুণীরা আমাদের কমিউনিটির সবচেয়ে মূল্যবান, কিন্তু দুর্বল সদস্য। তাদের স্বাস্থ্য এবং সুস্থ্যতা রক্ষার জন্য আমাদের সবকিছু করতে হবে এবং তারা যে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংকটের মুখোমুখি হচ্ছে তার মোকাবিলায় সাহসী পদক্ষেপের প্রয়োজন। আমাদের তরুণ-তরুণীরা তাদের অনন্য মানসিক চাহিদা যে কারো চেয়ে ভালো বোঝে। এই উদ্যোগটি আমাদের সরাসরি তাদের কাছ থেকে শোনার সুযোগ দেয়, এটিই একমাত্র উপায় যা আমরা তাদের প্রয়োজনীয় রিসোর্সগুলোর উন্নতি এবং বাস্তবায়ন করতে পারি।"

লিসেনিং সেশন এবং শীর্ষক সম্মেলন হলো নিউ ইয়র্ক স্টেট জুড়ে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংকট মোকাবেলায় গভর্নর হোকলের বৃহত্তর কৌশলের অংশ। আর্থিক বছর 2024 এক্সিকিউটিভ বাজেটে নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরিচর্যার ধারাবাহিকতা ঢেলে সাজাতে এবং আগামী পাঁচ বছরে তরুণ-তরুণীদের অপূর্ণ মানসিক স্বাস্থ্যের চাহিদা অর্ধেক করার জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অন্তর্ভুক্ত রয়েছে।

তরুণ-তরুণীদের সাহায্য করার জন্য অন্তর্ভুক্ত বিনিয়োগগুলোর মধ্যে, গভর্নর হোকলের বাজেট স্টেট জুড়ে স্কুল-বয়সী শিশুদের মানসিক স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণের জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে, যার মধ্যে 20 মিলিয়ন মার্কিন ডলার স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং 10 মিলিয়ন মার্কিন ডলার পরিষেবা প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এবং 8.3 মিলিয়ন মার্কিন ডলার নতুন এবং বিদ্যমান স্কুল ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রগুলোর জন্য। তাছাড়াও উচ্চ ঝুঁকিপূর্ণ তরুণ-তরুণীদের জন্য আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচি জোরদার করার জন্য বাজেটে 10 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে।

বাজেটে পিতামাতা এবং তাদের সন্তানদের জন্য পারিবারিক প্রতিরোধমূলক মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা প্রদানকারীদের ঘাটতি পূরণের জন্য দুই বছরের মধ্যে 18 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে এবং প্রতিকূল শৈশব অভিজ্ঞতা নির্ণয়ের জন্য প্রোভাইডারদের ঘাটতি পূরণের জন্য দুই বছরের মধ্যে 24 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। গভর্নরের বাজেট অর্থ বছর 2023 কার্যকরী বাজেটে বিনিয়োগের উপর ভিত্তি করে তৈরি করে, যার মধ্যে রয়েছে 12 মিলিয়ন মার্কিন ডলার স্বাস্থ্যকর পদক্ষেপের জন্য বরাদ্দ এবং শিশু ও কিশোরদের প্রাথমিক শৈশব বিকাশ এবং চিকিৎসার জন্য বাড়ি-ভিত্তিক সংকট হস্তক্ষেপ কর্মসূচি; এবং খাওয়ার প্রতিবন্ধীতা আছে এমন ব্যক্তিদের চিকিৎসা জন্য 3.1 মিলিয়ন মার্কিন ডলার।

গভর্নর হোকল এমন একটি ব্যবস্থারও প্রস্তাব করেছেন যা বিমা কোম্পানিগুলোকে প্রাপ্তবয়স্ক এবং শিশু উভয়ের জন্যই চিকিৎসা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয়, উচ্চ-প্রয়োজন, তীব্র এবং মানসিক স্বাস্থ্য সংকট সংক্রান্ত পরিষেবাগুলোতে অ্যাক্সেস অস্বীকার করা থেকে নিষিদ্ধ করবে। এছাড়াও, গভর্নর হাসপাতাল বা জরুরি বিভাগ ছেড়ে যাওয়ার পরে ব্যক্তিদের সুস্থতা এবং সাফল্যের উন্নতির জন্য আচরণগত স্বাস্থ্য পরিষেবাগুলোর কভারেজের ঘাটতিগুলো বন্ধ করার জন্য উন্নত আইন করেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418